যায়যায়দিন

তারিখ JUL. 24 2006
পৃষ্ঠা ৫ কলাম ৫

## ফেয়ার অ্যান্ড লাভলী উচ্চশিক্ষা বৃত্তি-২০০৫

# 'মেধাবী মেয়েদের এগিয়ে যেতে হবে'

যাযাদি রিপোর্ট

মেধাবী মেয়েদের এগিয়ে যেতে হবে। নিজেদের ভবিষ্যৎ এমনভাবে গড়ে তুলতে হবে, যাতে ভবিষ্যতে কেউ মেয়েদের নিয়ে নেতিবাচক কোনো কথা বলতে সাহস না করে। গতকাল রবিবার বিকালে ট্রাস্ট মিলনায়তনে ফেয়ার অ্যান্ড লাভলী ফাউন্ডেশনের উচ্চশিক্ষা বৃত্তি-২০০৫ প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ইউনিলিভার বাংলাদেশ লিমিটেডের চেয়ারম্যান এবং ম্যানেজিং ডিরেক্টর সঞ্জীব মেহ্তা এ কথা বলেন। অনুষ্ঠানে সায়েন্স, মেডিসিন, কৃষি, বিজ্ঞান, কলা ও ব্যবসায় প্রশাসন এই ছয়টি ক্যাটাগরিতে ২০০ মেধাবী ছাত্রীকে ফেয়ার অ্যান্ড লাভলী ফাউন্ডেশনের পক্ষ থেকে চার বছর মেয়াদি বৃত্তি প্রদান করা হয়। প্রতিটি বৃত্তির পরিমাণ ২৫ হাজার টাকা যা চারটি সেশনে প্রদান করা হবে।

বছরের শুরুতেই দৈনিক পত্রিকায় বিজ্ঞাপনের মাধ্যমে বাংলাদেশের স্নাতক পর্যায়ের ছাত্রীদের কাছ থেকে বৃত্তির জন্য আবেদন আহ্বান করা হয়। অসংখ্য আবেদনকারীর মধ্য থেকে প্রাথমিক বাছাই ও মৌখিক সাক্ষাৎকারের পর চূড়ান্তভাবে নির্বাচিত করা হয় ২০০ জন ছাত্রীকে।

প্রসঙ্গত, নারীদের অর্থনৈতিক ক্ষমতায়নের লক্ষ্যে প্রতিষ্ঠিত ফেয়ার অ্যান্ড লাভলী ফাউন্ডেশন ইউনিলিভার বাংলাদেশ লিমিটেডের একটি সামাজিক উদ্যোগ যা শিক্ষা, ক্যারিয়ার এবং ব্যবসা উদ্যোগ এই তিনটি ক্ষেত্রে নারীদের তথ্য ও সহযোগিতা প্রদান করে থাকে।